



**বাংলাদেশ ব্যাংক**  
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
 মতিবিল, ঢাকা-১০০০  
 বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার নং- ০৭

০২ অগ্রহায়ণ, ১৪২৯

তারিখঃ -----

১৭ নভেম্বর, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি  
টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

সাম্প্রতিক বৈশ্বিক পরিস্থিতিতে দুর্বল সরবরাহ ব্যবস্থার কারণে বিভিন্ন খাদ্যপণ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় বিশ্বে খাদ্য সংকট সৃষ্টির আশঙ্কা রয়েছে। এপ্রেক্ষিতে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে কৃষি খাতে স্বল্প সুদ হারে ঋণ প্রবাহ বজায় রাখার জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন ক্ষিম গঠনের সিদ্ধান্ত গঠীত হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন ক্ষিম পরিচালনায় নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে :

১. ক্ষিমের নাম : খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিম।
২. ক্ষিমের আওতায় তহবিলের পরিমাণ : ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকা (প্রয়োজনে তহবিলের পরিমাণ বৃদ্ধি করা হবে)।
৩. উৎস : বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।
৪. ক্ষিমের মেয়াদ : ৩০ জুন, ২০২৪ পর্যন্ত (প্রয়োজনে ক্ষিমের মেয়াদ বৃদ্ধি করা হবে)।
৫. ঋণ চুক্তি সম্পাদন ও তহবিল বরাদ্দ :

  - ক) কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতাভুক্ত ব্যাংকসমূহ কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করে এ ক্ষিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।
  - খ) অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংকসমূহের চাহিদা, কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা, ঋণ বিতরণের সক্ষমতা ইত্যাদির ভিত্তিতে কৃষি ঋণ বিভাগ কর্তৃক ব্যাংকসমূহের অনুকূলে তহবিল বরাদ্দ করা হবে। বাংলাদেশ ব্যাংক পরবর্তীতে প্রয়োজনবোধে বরাদ্দকৃত তহবিলের পরিমাণ পুনঃনির্ধারণ করতে পারবে।
  - গ) কৃষক/গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের পর পেশকৃত পুনঃঅর্থায়ন দাবী পর্যালোচনাপূর্বক পর্যায়ক্রমে বরাদ্দকৃত তহবিলের সমপরিমাণ অর্থ পুনঃঅর্থায়ন করা হবে।

৬. কৃষক পর্যায়ে ঋণ বিতরণ :

- ক) এ ক্ষিমের আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহকে নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে কৃষক/গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।
- খ) কৃষক/গ্রাহকগণের ঋণের সর্বোচ্চ পরিমাণ সংশ্লিষ্ট ব্যাংক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় যাচাই-বাছাই এর ভিত্তিতে নির্ধারণপূর্বক এ ক্ষিমের আওতায় বিতরণ করতে পারবে।

২৬/

চলমান পাতা-০২

